লোকশিল্পী
স ন্ধ্যা বি শ্বা স

গ্রাম বাংলার দরদী কণ্ঠী
লোক সঙ্গীত শিল্পী
নিজের কথায় ও সুরে
প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী-কে নিয়ে গান
ইতিমধ্যেই রাজ্য জুড়ে ঝড় তুলেছে।
যোগাযোগ ঃ ৯০০২৪৫৬৬০৩

হিমালয় বেস্ট বেঙ্গল

বাংলা সংবাদপত্র

আপস নয়, মুখোশ খুলে দেয়

হিমালয় অ্যাড এজেন্সী

বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র
ফোন ঃ ৭০০১৯৯৪০৭৫

দৈনিক সংবাদপত্র (বাংলা, ইংরেজি, হিন্দি টিভি চ্যানেল, নিউজ পোর্টাল-এ বিজ্ঞাপনের জন্য উপরোক্ত নম্বরে যোগাযোগ করুন।

পরিষেবা সর্বত্র

For Online Version See Website : http://himalayabestbengal.com

R.N.I. No. WBBEN/1994/8864 বর্ষ ঃ ৩৩ সংখ্যা ঃ ১৬ । আগস্ট ২৭, ২০২৬ ফোন ঃ ৭০০১৯৯৪০৭৫ Postal Registration No. WB/RNP-398

বাংলার জন্য অত্যন্ত শুভ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী



স্টাফ রিপোর্টার, কলকাতা ঃ শুভেন্দু অধিকারী বাংলার শাসন ক্ষমতায় আসীন হওয়ার পর থেকেই সব কিছুতেই ব্যপক পরিবর্তন লক্ষ করা যাচ্ছে। সীমান্ত ও আভ্যন্তরীন সুরক্ষা, সরকারি পরিষেবা,বন্ধ কলকারখানা চালুর ব্যবস্থা সহ নতুন শিল্প স্থাপন, শিক্ষা সংস্কৃতি ক্রীড়া ক্ষেত্রে বৈচিত্রের পাশাপাশি কর্মসংস্থান সহ সব ক্ষেত্রেই পরিবর্তনের জোয়াড় বইছে। বিধানসভা ভোটের আগে বঙ্গ বাসীর উদ্দেশ্যে ভয় আউট, ভরসা ইন, যে বার্তা প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদর দাস মোদিজী দিয়েছিলেন, সেই বার্তার উপর ভরসা রেখে জনগণ যে ঐতিহাসিক সিদ্ধান্ত নিয়েছিলেন, তার সুফল পেতে চলেছে আপামর রাজ্যবাসী। আর শুভেন্দু অধিকারীর মত অত্যন্ত যোগ্য, দক্ষ এবং শক্তিশালী জননেতা যখন মুখ্যমন্ত্রীর দায়িত্ব সামলান, তখন তাঁর ওপর জনগণের ভরসা আরও বেড়ে যায়। বাংলা এখন সুরক্ষিত ও উন্নয়ন কর্মযজ্ঞে দৌড়াবে।

রাজ্য বিদ্যালয় ক্রীড়া পরিষদের সহ সভাপতি জগন্নাথ সরকার

স্টাফ রিপোর্টার, কলকাতা ঃ পশ্চিমবঙ্গ বঙ্গ রাজ্য বিদ্যালয় ক্রীড়া পরিষদের সহ সভাপতির দায়িত্ব গ্রহণের পর প্রথম সভাতেই সকলের নজর কাড়লেন রানাঘাট লোকসভা কেন্দ্রের লোকপ্রিয় সাংসদ জগন্নাথ সরকার। সাংসদ হওয়ার আগে তিনি একজন মাধ্যমিক বিদ্যালয়ের ক্রীড়া শিক্ষক, ফলে তার হাতে রাজ্যের নতুন সরকারের এই গুরু দায়িত্ব যথেষ্টই তাৎপর্য পূর্ণ ভূমিকা পালন করবে। মাধ্যমিক স্কুল শিক্ষা দপ্তরের মন্ত্রী দীপক বর্মনের উজ্জ্বল উপস্থিতির পাশাপাশি একাধিক কাউন্সিল সদস্য এবং শিক্ষা বিভাগের আধিকারিক দের নিয়ে সম্প্রতি বিকাশ ভবনে আয়োজিত এই বৈঠকে বেশকিছু গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা হয়। এর মধ্যে বিশেষ উল্লেখযোগ্য ছিল ২০২৬-২৭ শিক্ষাবর্ষের ক্রীড়া সূচি, ক্রীড়া পাঠক্রমের অন্যতম মাধ্যম হিসাবে ওয়েব পোর্টাল তৈরির কাজ দ্রুত সম্পন্ন করা, পাঠক্রম পরিচালনার ক্ষেত্রে শারীর শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত শিক্ষক শিক্ষিকা দের নিয়ে বিশেষ ইউনিট গঠন সহ প্রশিক্ষণ,প্রথম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত শারীর শিক্ষাকে আবশ্যিক পাঠক্রমের অন্তর্ভূক্ত করা,আসন্ন জে. এন হকি টুর্নামেন্ট নিয়ে বিশেষ আলোচনা সহ জাতীয় স্কুল গেমস ২০২৬-২৭ নিয়ে আলোচনা। এছাড়াও বৈঠকে বিশেষ গুরুত্ব পায় তহবিল সংক্রান্ত আলোচনার পাশাপাশি খেলোয়াড় দের যাতায়াতের জন্য ট্রেন ভাড়ায় বিশেষ ছাড়ের ব্যবস্থা সহ ম্যাচ চলাকালীন খেলোয়াড় দের স্বাস্থ্য বিমার পাশাপাশি ক্রীড়া ক্ষেত্রে শ্রেষ্ঠত্বের নিরিখে সেরা বিদ্যালয় নির্বাচন সহ জাতীয় স্তরে পদক জয়ীদের নগদ পুরস্কার প্রদান।

তোলাবাজি আউট, উন্নয়ন ইন ঃ বিধায়ক অসীম বিশ্বাস

নিজস্ব প্রতিনিধি, ধানতলা ঃ কাটমানি, সিন্ডিকেট কিংবা তোলাবাজি এগুলো তৃণমূলের সংস্কৃতি, পরিবর্তনের বাংলায় কোন অবস্থাতেই এগুলো বিজেপি তে বরদাস্ত নয়, অত্যন্ত কড়া এবং সাফ জবাব বিধায়ক অসীম বিশ্বাসের।

মানুষের অধিকার আদায় সহ নাগরিক পরিষেবার ক্ষেত্রে দুর্নীতির সঙ্গে কোন আপস নয়। না নিজে কিছু খাবো, আর অন্যকে খেতে দেব, অত্যন্ত কড়া এবং পরিচ্ছন্ন বার্তা বিধায়ক অসীমের। নদিয়ার রানাঘাট উত্তর পূর্ব বিধানসভা কেন্দ্রের বিজেপির টিকিটে জয়ী দু'দুবারের বিধায়ক, পশ্চিমবঙ্গ সরকারের ভূমি ও ভূমি সংস্কার স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান অসীম বিশ্বাসের একটাই বার্তা আমার চেতনা হওয়ার পর সেই ছাত্রাবস্থা থেকেই আপদে বিপদে মানুষের পাশে দাঁড়িয়েছি, পরবর্তী সময়ে রাজনীতির সঙ্গে যুক্ত হয়ে পঞ্চায়েত প্রতিনিধি থেকে প্রধান কিংবা শাসক বিরোধী দলের বিধায়ক থেকে বর্তমানে সরকার পক্ষের বিধায়ক সব ক্ষেত্রেইআমি দল মত নির্বিশেষে সকলের প্রধান এবং পরবর্তী তে বিধায়ক হয়ে এলাকার উন্নয়ণে কাজ করেছি। ফলে অন্যায়ের সঙ্গে কোন আপস নয় এবং সারা জীবন মানুষের জন্য কাজ করে যেতে চাই। বুধবার দৌলা নিজের বাড়িতে বসে একান্ত খোলামেলা সাক্ষাৎকারে নিজের এই অভিব্যপ্তি প্রকাশ করলেন বিধায়ক অসীম বিশ্বাস। এলাকার রাস্তাঘাট থেকে শুরু করে পানীয় জল, বৈদ্যুতিক আলো, পরিবেশ সুরক্ষা ও সৌন্দর্যায়নে বৃক্ষরোপন, ও-পার বাংলা থেকে মৌলবাদীদের উৎপীড়ণে এক কাপড়ে ভিটে মাটি ছেড়ে আসা হিন্দু সম্প্রদায় ভুক্ত জনগণকে নাগরিকত্ব প্রদানের উদ্দেশ্যে নন স্টপ নাগরিকত্ব আবেদনের ফরম পূরণ কর্মসূচি তে জেলায় রেকর্ড সৃষ্টি কারী বিধায়ক অসীম বিশ্বাস। এছাড়াও বছরের বিভিন্ন সময়ে প্রবীণ নাগরিক দের স্বাস্থ্য পরিষেবায় বিনামূল্যে স্বাস্থ্য শিবির ও দিব্যাঙ্গ জনদের মধ্যে তাদের ব্যবহার্য সরঞ্জাম বিতরণ এক দৃষ্টান্ত মূলক নিদর্শন। সার্বিক দিক থেকে রানাঘাট উত্তর পূর্বের বিধায়ক অসীম বিশ্বাস এলাকাবাসীর কাছে দেবদূতের ভূমিকায় অবতীর্ণ।

করিমপুরে রেল লাইন হচ্ছেই, বিধায়ক কে বার্তা রেল মন্ত্রীর

প্রতিমা বিশ্বাস, তেহট্ট ঃ দীর্ঘ প্রতিক্ষিত করিমপুরবাসীর স্বার্থ বাস্তবায়নে দৃঢ় প্রতিজ্ঞ বিধায়ক সমরেন্দ্র নাথ ঘোষ। বিধায়কের এই দাবি পূরণ হলে সীমান্তবর্তী গঞ্জ শহর করিমপুর সহ উপকৃত হবে মহিষবাথান, নাজিরপুর, শিকারপুর, দেবনাথপুর, তেহট্ট, বেতাই, চাপড়া, দৈয়ের বাজার সহ সংশ্লিষ্ট এলাকার আপামর জনতা। এই বিষয় নিয়ে ভোটের আগে থেকেই তৎপর সমরেন্দ্র নাথ বাবু। বিধায়ক হয়ে দায়িত্ব আরও বেড়ে গেছে অনেক। আর সেই ক্ষেত্রে রানাঘাট লোকসভা কেন্দ্রের সাংসদ জগন্নাথ সরকার সহ রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী থেকে শুরু করে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব, সবার সাথেই তিনি দরবার করেন। আর সেই জন্যেই হয়তো অতি সম্প্রতি দিল্লী রেলভবনে গিয়ে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণবের সঙ্গে সাক্ষাতে রেলমন্ত্রী বলতে বাধ্য হয়েছিলেন, সমরেন্দ্র নাথ বাবু, আপনার সমস্যা বুঝি, দ্রুত বাস্তবায়ন হবে করিমপুরের রেল পথ, বিধায়ক সমরেন্দ্র নাথ ঘোষ-কে বৈঠকে এই বার্তা দেন রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব, যার ফলে খুশি করিমপুরবাসী।

কলেজ সমাবর্তনে পৌর ও নগর উন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পল

নিজস্ব প্রতিনিধি ঃ রাজা নরেন্দ্র লাল খান ওমেন্স কলেজের ৪র্থ সমাবর্তন অনুষ্ঠানে উপস্থিত রাজ্যের পৌর ও নগর উন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পল। স্নাতক ও স্নাতকোত্তর উত্তীর্ণ শিক্ষার্থীদের জীবনে এই গুরুত্বপূর্ণ মাইলফলকে তাঁদের সাফল্য, পরিশ্রম এবং উজ্জ্বল ভবিষ্যতের জন্য আন্তরিক শুভেচ্ছা জানান মন্ত্রী অগ্নি মিত্রা পল। তিনি বলেন, শিক্ষা শুধু ডিগ্রি অর্জনের পথ নয়, এটি সমাজ ও দেশের প্রতি দায়িত্বশীল নাগরিক হয়ে ওঠারও পথ।



অন্নপূর্ণা দের নিয়ে শান্তিপুর রাজপথে শোভা যাত্রায় বিধায়ক স্বপন কুমার দাস

নিজস্ব প্রতিনিধি, শান্তিপুর ঃ অন্নপূর্ণা যোজনায় নাম অন্তর্ভুক্ত হওয়ায় রাজ্য সরকার তথা মুখ্যমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা জানাতে শান্তিপুর পৌরসভার ১ নম্বর ওয়ার্ডের মহিলাবৃন্দের বাদ্যযন্ত্র সহযোগে বর্ণাঢ্য শোভাযাত্রা বিধায়ক স্বপন কুমার দাসকে সঙ্গে নিয়ে। মুখ্যমন্ত্রীর নির্দেশ মতো অ্যাকাউন্টে অন্নপূর্ণা যোজনার টাকা ঢুকতেই সকলে আনন্দে আত্মহারা। রবিবার ছুটির দিনে বৃষ্টি ভেজা বৈকালিক আবহে নারী শক্তির স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে প্রাণবন্ত হয়ে ওঠে শান্তিপুরের রাজপথ। বিধায়ক স্বপন কুমার দাস সমগ্র কর্মসূচির সামনে থেকে নেতৃত্ব দেন।

ADVT

বাংলার সময় প্রাঃ লিঃ-এর পক্ষে শ্যামল কান্তি বিশ্বাস কর্তৃক ১১৯ বি.টি. রোড, কলকাতা ৭০০১০৮ থেকে প্রকাশিত এবং হিমালয় প্রেস, কল্যাণী থেকে মুদ্রিত। সম্পাদক ঃ শ্যামল কান্তি বিশ্বাস